গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
(জুডিশিয়াল মুন্সিখানা)
www.rajbari.gov.bd

বিষয় : **রাজবাড়ী জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটির ডিসেম্বর ২০১৭ মাসের মাসিক সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ শওকত আলী
জেলা ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী।

তারিখ : ১০/১২/২০১৭ খ্রিঃ।

সময় : বেলা ১১.০০ টা

স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী।

উপস্থিত : রেজিস্টারে সংরক্ষিত ।

১। **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন**

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর নভেম্বর ২০১৭ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। আলোচ্যসূচী অনুসারে নিম্নোক্ত আলোচনা অনুষ্ঠিত ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণে পরিচালিত অভিযান ও মামলা সংক্রান্ত আলোচনা ।

(ক) **পুলিশ বিভাগ :**

উপস্থাপিত বিবরণী হতে দেখা যায়, আলোচ্য মাসে পুলিশ বিভাগ, রাজবাড়ী কর্তৃক মোট ৫২টি অভিযান পরিচালনা করে আনুমানিক ৪,৬৫,৮৫০/- টাকার মালামাল উদ্ধার করা হয়। এসব অভিযানে ৫২টি মামলা রুজু হয় এবং ৬৫ জন আসামীকে আটক করা হয়।

সিদ্ধান্ত : মাদকদ্রব্য বিরোধী অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে : পুলিশ সুপার, রাজবাড়ী।

(খ) **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :**

সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী জানান, আলোচ্য মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, রাজবাড়ী কর্তৃক বিভিন্ন স্থানে মোট ৩৭ টি অভিযান পরিচালনা করে আনুমানিক ৩,৩৬,২০০/- টাকা মূল্যের মাদকদ্রব্য উদ্ধার করা হয় এবং ১৬ টি মামলা রুজু হয়। এসব মামলায় ১৪ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং ০২ জন আসামী পলাতক রয়েছে।

সিদ্ধান্ত : জেলা ও উপজেলার বিভিন্ন স্পটে মাদক বিরোধী অভিযান নিয়মিত পরিচালনা করতে হবে।

বাস্তবায়নে : সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল।

(গ) **জিআরপি থানা, রাজবাড়ী :**

উপস্থাপিত বিবরণী হতে দেখা যায় আলোচ্য মাসে জিআরপি থানা, রাজবাড়ী কর্তৃক ০৯টি অভিযান পরিচালনা করা হয়। এসব অভিযানে ৫,০০০/- টাকার মালামাল উদ্ধার করা হয়েছে। এসব অভিযানে ০১ টি মামলা রুজু হয়েছে এবং ০১ জন আসামী গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত : ট্রেনে মাদক বিরোধী অভিযান জোরদার করতে হবে।

বাস্তবায়নে : অফিসার ইন চার্জ, জিআরপি থানা, রাজবাড়ী ।

২। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণে পরিচালিত মোবাইল কোর্ট ও মামলা সংক্রান্ত আলোচনা :**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-১৯৯০ এর আওতায় রাজবাড়ী জেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের সাথে সমন্বয় করে নভেম্বর ২০১৭ মাসে ০৪টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। মাদকদ্রব্য নিয়ন্ত্রণে প্রয়োজনে দিনের পাশাপাশি রাতের বেলাতেও অভিযান চালানো যেতে পারে বলে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : (১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর আওতায় নিয়মিত ভ্রাম্যমাণ আদালত পরিচালনার ধারা অব্যাহত রাখতে হবে।

(২) দিনের পাশাপাশি রাতের বেলাও মাদক বিরোধ অভিযান পরিচালনা করতে হবে।

বাস্তবায়নে : অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী।
উপজেলা নির্বাহী অফিসার (সকল)
নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), রাজবাড়ী।
সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল, রাজবাড়ী।

৩। **জেলা ও উপজেলা টাস্কফোর্স কর্তৃক পরিচালিত অভিযান:** নভেম্বর ২০১৭ মাসে জেলা প্রশাসন ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় কর্তৃক যৌথভাবে জেলা ও উপজেলা টাস্কফোর্সের ০৬ টি অভিযান পরিচালনা করা হয়েছে। এসব অভিযানে ৭২,২০০/- টাকার মাদকদ্রব্য উদ্ধার করা হয়েছে। ০২টি মামলা রুজু করা হয়েছে। এসব মামলায় কোন আসামী গ্রেফতার করা হয় নি। ০২ জন আসামী পলাতক রয়েছে।

সিদ্ধান্ত : জেলা/উপজেলা টাস্কফোর্সের অভিযান নিয়মিত পরিচালনা করতে হবে।
বাস্তবায়নে : পুলিশ সুপার, রাজবাড়ী।
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী।
উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী।
নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), রাজবাড়ী।
সহকারী কমিশনার (কাস্টমস), রাজবাড়ী।
সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল।
ভারপ্রাপ্ত কর্মকর্তা, রাজবাড়ী জিআরপি থানা।

৪। মাদকদ্রব্যের অপব্যবহার রোধ এবং এর সাথে জড়িতদের আইনের আওতায় আনার জন্য আরও তৎপর হতে আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধিবৃন্দকে অনুরোধ জানানো হয়। মাদকের ক্ষতিকর দিক সম্পর্কে জনগণকে সচেতন করার লক্ষ্যে বিভিন্ন প্রচারণামূলক কর্মসূচি গ্রহণের জন্য এই কমিটির সকল সদস্যকে অনুরোধ জানানো হয়।

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শওকত আলী)
জেলা ম্যাজিস্ট্রেট
রাজবাড়ী
ও
সভাপতি
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি
ফোন: ০৬৪১-৬৫৪০৫

স্মারক নং-০৫.০০.৮২০০.০২৪.০৬.০০৩.১৭- ১৭৪১(৩০) তারিখ: ১০/১২/২০১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সুরক্ষা ও সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৫। পুলিশ সুপার, রাজবাড়ী।
৬। সিভিল সার্জন, রাজবাড়ী।
৭। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর/পাংশা/বালিয়াকান্দি/গোয়ালন্দ/কালুখালী।
৮। ....
....রাজবাড়ী।

জেলা ম্যাজিস্ট্রেট
রাজবাড়ী